# Standard Operating Procedure (SOP) of Microdata Analysis Lab

This Standard Operating Procedure (SOP) has been developed to guide the operation and governance of the Microdata Analysis Lab of BBS. It sets out the objectives, scope, governance structure, access policy, user responsibilities, confidentiality protocols, and operational workflow to ensure that microdata access is both useful and secure. The SOP also includes practical annexes such as application forms, confidentiality agreements, disclosure checklists, and equipment inventories, enabling smooth day-to-day operations.

Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division
Ministry of Planning
E-27/A, Agargaon, Dhaka

Government of the People's Republic of Bangladesh

Bangladesh Bureau of Statistics (BBS)



# Standard Operating Procedure (SOP)

of

## Microdata Analysis Lab

**Capacity Building of Statistics Service based on Platform (CBSSP) Project**
**Bangladesh Bureau of Statistics (BBS)**

**Standard Operating Procedure (SOP)**
of
**Microdata Analysis Lab**

Published by : Bangladesh Bureau of Statistics (BBS)

Graphics :

Printed by :

Published Time : December 2025

ISBN :



Complimentary Copy

Copyright© Bangladesh Bureau of Statistics (BBS)

## For further information about this SOP

**Please visit: www.bbs.gov.bd**

**Contact: dg@bbs.gov.bd, kabir.ddd@gmail.com**

**Capacity Building of Statistics Service based on Platform (CBSSP) Project**

**Bangladesh Bureau of Statistics (BBS)**

**Statistics and Informatics Division**

**Ministry of Planning**

**Disclaimer:** This publication or any portion thereof cannot be copied, microfilmed or reproduced for any commercial purpose. It can be used or published with acknowledgement of the source.

# Content


| নির্বাহী সারসংক্ষেপ | | Executive Summary | |
|---|---|---|---|
| **বিষয়** | **পৃষ্ঠা** | **Topic** | **Page** |
| ১. ভূমিকা | | 1. Introduction | |
| ২. উদ্দেশ্য | | 2. Objectives | |
| ৩. এসওপি-এর মূলক্ষেত্রসমূহ | | 3. Scope of the SOP | |
| ৪. ল্যাবের সুবিধাসমূহ | | 4. Lab Facilities | |
| ৫. গভর্ন্যান্স ও দায়িত্ব | | 5. Governance and Responsibility | |
| ৬. ল্যাবে প্রবেশাধিকার নীতি | | 6. Lab Access Policy | |
| ৭. ল্যাব ব্যবহারের নিয়মাবলি | | 7. Rules of Lab Usage | |
| ৮. নিরাপত্তা ও গোপনীয়তার প্রোটোকলসমূহ | | 8. Security and Confidentiality Protocols | |
| ৯. অপারেশনাল কর্মপ্রবাহ | | 9. Operational Workflow | |
| ১০. ল্যাব কর্মীদের দায়িত্বসমূহ | | 10. Lab Officials Duties | |
| ১১. পর্যবেক্ষণ ও সম্মতি | | 11. Monitoring and Compliance | |
| ১২. পরিশিষ্টসমূহ | | 12. Annexes | |

# নির্বাহী সারসংক্ষেপ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এ স্থাপিত মাইক্রোডাটা বিশ্লেষণ ল্যাব একটি নিরাপদ অনসাইট সুবিধা, যার মাধ্যমে জাতীয় শুমারি ও জরিপসমূহের বেনামিকৃত (anonymized) মাইক্রোডাটায় নিয়ন্ত্রিত প্রবেশাধিকার প্রদান করা হয়। এই ল্যাবের মাধ্যমে শিক্ষাবিদ, নীতিনির্ধারক ও অভিজ্ঞ গবেষকদের উচ্চমানের গবেষণা কার্যক্রম পরিচালনায় সহায়তা প্রদান করা হয় এবং একই সঙ্গে পরিসংখ্যান আইন, ২০১৩ ও আন্তর্জাতিক উত্তম চর্চার সঙ্গে সামঞ্জস্য রেখে উত্তরদাতাদের ব্যক্তিগত তথ্যের কঠোর গোপনীয়তা নিশ্চিত করা হয়।

ল্যাবটি একটি নির্দিষ্ট সার্ভার, ওয়ার্কস্টেশন এবং ল্যাপটপ দ্বারা সজ্জিত, যা একটি সুরক্ষিত লোকাল এরিয়া নেটওয়ার্ক (LAN)-এর আওতায় পরিচালিত হয়। ল্যাবে প্রবেশাধিকার কেবল অনসাইট ভিত্তিতে প্রদান করা হয়; কোনো মাইক্রোডাটা অনুলিপি করা বা ল্যাবের বাইরে নেওয়া যাবে না। গবেষণা কার্যক্রম থেকে উৎপন্ন সকল আউটপুট প্রকাশ বা বহির্গমনের পূর্বে বাধ্যতামূলকভাবে ডিসক্লোজার পর্যালোচনার (disclosure review) আওতায় আনা হয়।

এই স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) মাইক্রোডাটা বিশ্লেষণ ল্যাবের জন্য একটি শাসন কাঠামো (governance framework) নির্ধারণ করে, যেখানে দায়িত্বসমূহ কম্পিউটার উইং-এর পরিচালক এবং ল্যাব ইন-চার্জের মধ্যে বন্টিত থাকে। এতে আবেদন প্রক্রিয়া, যোগ্যতার শর্তাবলি এবং ব্যবহারকারীদের জন্য প্রযোজ্য বিভিন্ন নিয়মাবলি নির্দিষ্ট করা হয়েছে, যার মধ্যে ব্যক্তিগত ডিভাইস ব্যবহারে সীমাবদ্ধতা, ইন্টারনেট অ্যাক্সেস নিয়ন্ত্রণ এবং ডেটা সংরক্ষণ সংক্রান্ত বিধিনিষেধ অন্তর্ভুক্ত রয়েছে।

# Executive Summary

The Microdata Analysis Lab at the Bangladesh Bureau of Statistics (BBS) is a secure, on-site facility that provides controlled access to anonymized microdata from national censuses and surveys. It enables high-quality research by academics, policymakers, and advanced researchers, while it ensures strict confidentiality of respondents’ personal information in line with the Statistics Act 2013 and international best practices.

The Lab is equipped with a dedicated server, workstations, and laptops, operating within a secure local area network (LAN). Access is on-site only: no microdata may be copied or removed. All research outputs undergo disclosure review before release.

This Standard Operating Procedure (SOP) sets out the governance framework, with responsibilities shared between the Director of the Computer Wing and the Lab In-charge. It specifies the application process, eligibility requirements, and rules for users, including restrictions on personal devices, internet access, and storage.

আবেদন জমা দেওয়া থেকে গবেষণা-ফল প্রকাশ পর্যন্ত সম্পূর্ণ প্রক্রিয়াটি একটি নির্দিষ্ট অপারেশনাল কর্মপ্রবাহ দ্বারা পরিচালিত হয়। সংযোজনীগুলোতে ব্যবহারযোগ্য টুলস ও টেমপ্লেট অন্তর্ভুক্ত রয়েছে, যেমন—

- তথ্য প্রবেশাধিকার আবেদনপত্র (সংযোজনী–I)
- গোপনীয়তা ও নন-ডিসক্লোজার চুক্তি (সংযোজনী–II)
- গবেষণা আউটপুট প্রকাশ চেকলিস্ট (সংযোজনী–III)
- ব্যবহারকারী আচরণবিধি (সংযোজনী–IV)
- হার্ডওয়্যার ও সফটওয়্যার ইনভেন্টরি (সংযোজনী–V)

A clear operational workflow guides the process from application submission to research-output release. The annexes provide practical tools and templates, including:

- Data Access Request Form (Annex I)
- Confidentiality and Non-Disclosure Agreement (Annex II)
- Research Output Release Checklist (Annex III)
- User Code of Conduct (Annex IV)
- Hardware and Software Inventory (Annex V)

সংক্ষেপে, এসওপি-টি নিশ্চিত করে যে, মাইক্রোডেটা অ্যানালাইসিস ল্যাব একটি নির্ভরযোগ্য, পেশাদার এবং সুরক্ষিত গবেষণা প্ল্যাটফর্ম হিসেবে পরিচালিত হয়—যা প্রমাণভিত্তিক নীতিনির্ধারণকে সহায়তা করে এবং সরকারি পরিসংখ্যানের ব্যবহার সম্প্রসারিত করে।

In summary, this SOP ensures that the Microdata Analysis Lab functions as a trusted, professional, and secure research environment, supports evidence-based policymaking, and advances the use of official statistics in Bangladesh.

## ১. ভূমিকা

বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা (National Statistical Office–NSO) হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দেশের সরকারি পরিসংখ্যান প্রস্তুত, ব্যবস্থাপনা এবং প্রচারের আইনগত দায়িত্বপ্রাপ্ত সংস্থা। বিবিএস বিভিন্ন আর্থ-সামাজিক ক্ষেত্রে বৃহৎ পরিসরের শুমারি ও জরিপ পরিচালনা করে, যার মাধ্যমে উৎপন্ন মূল্যবান মাইক্রোডাটা প্রমাণভিত্তিক নীতি প্রণয়ন, একাডেমিক গবেষণা এবং উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ভিত্তি হিসেবে ব্যবহৃত হয়।

উক্ত মাইক্রোডাটায় নিরাপদ ও সুশৃঙ্খল প্রবেশাধিকার সংক্রান্ত ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় নিয়ে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) তার ঢাকা সদর দপ্তরে মাইক্রোডাটা বিশ্লেষণ ল্যাব প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণ করে থাকে। এই ল্যাব একটি নিরাপদ অনসাইট গবেষণা পরিবেশ প্রদান করে, যেখানে ব্যবহারকারীগণ—গবেষক, শিক্ষাবিদ এবং নীতিনির্ধারক—উন্নত পরিসংখ্যানিক বিশ্লেষণের উদ্দেশ্যে বেনামিকৃত মাইক্রোডাটায় প্রবেশাধিকার লাভ করেন।

সম্ভাব্য ব্যবহারকারীগণ একটি বিস্তারিত গবেষণা প্রস্তাবনা জমা দেন, যেখানে প্রকল্পের উদ্দেশ্য, প্রয়োজনীয় নির্দিষ্ট মাইক্রোডাটা এবং প্রত্যাশিত প্রকাশযোগ্য আউটপুট (যেমন প্রবন্ধ, প্রতিবেদন বা গ্রন্থ ইত্যাদি) যুক্তিসহ স্পষ্টভাবে উল্লেখ থাকে।

## 1. Introduction

The Bangladesh Bureau of Statistics (BBS), as the National Statistical Office (NSO) of Bangladesh, is mandated to produce, manage, and disseminate official statistics for the country. BBS undertakes large-scale censuses and surveys covering diverse socio-economic domains, generating valuable microdata that serve as the foundation for evidence-based policy formulation, academic research, and development planning.

Recognizing the growing demand for safe and structured access to these microdata, BBS establishes and maintains the Microdata Analysis Lab at its Headquarters in Dhaka. The Lab provides a secure, on-site research environment where users - researchers, academics, and policymakers - access anonymized microdata for advanced statistical analysis.

Prospective users submit a comprehensive research proposal that details the project objectives, the specific microdata required, and the expected public outputs (e.g. articles, reports, or books), with justification.

প্রবেশাধিকার দেওয়ার আগে গবেষকদের একটি চুক্তিতে স্বাক্ষর করতে হবে, যেখানে ডেটা সুরক্ষার বিষয়ে তাদের দায়িত্বগুলো নির্ধারিত থাকে। এছাড়াও, সকল আবেদনকারীকে পূর্বপট যাচাইসহ একটি নিরাপত্তা ছাড়পত্র (security clearance) গ্রহণ প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে, যাতে গোপনীয়তা ও তথ্য-সুরক্ষা প্রোটোকল সম্পর্কে তাদের পূর্ণাঙ্গ বোধগম্যতা এবং কঠোর অনুসরণ নিশ্চিত করা যায়।

Before access is granted, researchers sign a agreement that sets out their responsibilities for safeguarding data. In addition, all applicants undergo a security-clearance process, including background checks, to ensure their full understanding of and compliance with confidentiality and data-protection protocols.

ব্যবহারের পূর্বে সকল ডেটাসেটকে পরিসংখ্যানিক প্রকাশ নিয়ন্ত্রণ (SDC) প্রক্রিয়ার আওতায় আনা হয়, যার মধ্যে নাম, ঠিকানার মতো সরাসরি আইডেন্টিফায়ার অপসারণ এবং সংবেদনশীল চলকের সমষ্টিকরণ (aggregation), রি-কোডিং (recoding) বা দমন (suppression)-এর মাধ্যমে অতিরিক্ত বেনামিকরণ (anonymization) অন্তর্ভুক্ত থাকে। সর্বাধিক বিস্তারিত মাইক্রোডেটায় প্রবেশাধিকার কেবলমাত্র মাইক্রোডেটা অ্যানালাইসিস ল্যাবের নিয়ন্ত্রিত পরিবেশের মধ্যেই প্রদান করা হয়—যা কঠোর প্রবেশাধিকার-নিয়ন্ত্রিত একটি নিরাপদ সুবিধা।

Before use, datasets go through statistical disclosure control (SDC) procedures, including the removal of direct identifiers such as names and addresses, and further anonymization through aggregation, recoding, or suppression of sensitive variables. Access to the most detailed microdata is provided only within the controlled environment of the Microdata Analysis Lab, a secure physical facility with stringent access restrictions.

নিরাপদ মাইক্রোডেটা থেকে প্রস্তুতকৃত সব ধরনের পরিসংখ্যানিক আউটপুট প্রকাশের আগে কোনো শণাক্তযোগ্য তথ্য প্রকাশ না হয় তা নিশ্চিত করতে ল্যাবের ইনচার্জ-এর মাধ্যমে বাধ্যতামূলক গোপনীয়তা পর্যালোচনার মধ্য দিয়ে যেতে হবে। গবেষকদের বিবিএস-এর প্রকাশনা নির্দেশিকা কঠোরভাবে মেনে চলতে হবে—এর মধ্যে ন্যূনতম প্রতিবেদন-সীমা (minimum reporting thresholds) এবং অন্যান্য ডিসক্লোজার কন্ট্রোল বিধান অন্তর্ভুক্ত। গবেষণা কাজ শেষ হলে গবেষকদের সকল ডেরিভেটিভ (উৎপন্ন) ফাইলের কপি স্থায়ীভাবে মুছে ফেলতে হবে।

All statistical outputs generated from secure microdata are subject to a mandatory confidentiality review by the Lab In-charge before release, to ensure that no identifying information is disclosed. Researchers follow BBS publication guidelines strictly, including minimum reporting thresholds and other disclosure-control rules. Upon completion of their research work, researchers permanently delete all copies of the derivative files.

এই স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) মাইক্রোডাটা বিশ্লেষণ ল্যাবের কার্যক্রম ও পরিচালনায় দিকনির্দেশনা প্রদান করে। এতে ল্যাবের উদ্দেশ্য ও পরিধি, শাসন কাঠামো, প্রবেশাধিকার নীতি, ব্যবহারকারীর দায়িত্ব, গোপনীয়তা সংরক্ষণবিষয়ক প্রোটোকল এবং অপারেশনাল কর্মপ্রবাহ এমনভাবে নির্ধারণ করা হয়েছে, যাতে মাইক্রোডাটায় প্রবেশাধিকার একদিকে কার্যকর ও উপযোগী এবং অন্যদিকে সম্পূর্ণ নিরাপদ থাকে।

This Standard Operating Procedure (SOP) guides the operation and governance of the Lab. It sets out the objectives, scope, governance structure, access policy, user responsibilities, confidentiality protocols, and operational workflow so that microdata access remains both useful and secure.



এই স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) একটি আধুনিক জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিবিএস-এর সততা, স্বচ্ছতা ও বিশ্বাসযোগ্যতাকে আরও সুদৃঢ় করে। ডেটা প্রবেশগম্যতা বৃদ্ধি এবং গোপনীয়তা সুরক্ষা—এই দ্বৈত লক্ষ্যকে সুষমভাবে সমন্বয় করার মাধ্যমে মাইক্রোডাটা বিশ্লেষণ ল্যাব বৃহত্তর গবেষক সমাজকে সহায়তা করে, প্রমাণভিত্তিক নীতিনির্ধারণকে উৎসাহিত করে এবং বাংলাদেশের জাতীয় পরিসংখ্যানব্যবস্থার আন্তর্জাতিক মর্যাদা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি করে।

The SOP strengthens the integrity, transparency, and credibility of BBS as a modern national statistical office. By balancing the twin goals of data accessibility and confidentiality protection, the Microdata Analysis Lab supports the wider research community, fosters evidence-based policymaking, and enhances the global standing of Bangladesh's national statistical system.

## 2. উদ্দেশ্য

মাইক্রোডাটা বিশ্লেষণ ল্যাবের প্রধান উদ্দেশ্য হলো একটি নিরাপদ, নিয়ন্ত্রিত ও তত্ত্বাবধানাধীন পরিবেশে বিবিএস-এর মাইক্রোডাটায় প্রবেশাধিকার নিশ্চিত করা এবং উচ্চমানের পরিসংখ্যানিক গবেষণা ও নীতিবিশ্লেষণকে সহায়তা প্রদান করা। এছাড়াও, মাইক্রোডাটার দায়িত্বশীল ও নিরাপদ ব্যবহারের একটি ইতিবাচক সংস্কৃতি গড়ে তোলা, যা জ্ঞানসৃজনকে ত্বরান্বিত করে এবং জাতীয় উন্নয়নকে সহায়তা করে—এটিও ল্যাবের অন্যতম লক্ষ্য।

বিশেষ উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

- নিরাপদ, নিয়ন্ত্রিত ও তত্ত্বাবধানাধীন পরিবেশে বিবিএস-এর মাইক্রোডাটায় প্রবেশাধিকার নিশ্চিত করা।

## 2. Objectives

The main objectives of the Microdata Analysis Lab are to enable access to BBS microdata in a secure, controlled, and supervised environment, and to facilitate high-quality statistical research and policy analysis. The Lab also aims to build a culture of responsible and safe use of microdata that advances knowledge creation and supports national development.

Specific objectives are as follows:

- Enable access to BBS microdata in a secure, controlled, and supervised environment.
- Promote efficient and effective use of technical and human resources.

- কারিগরি ও মানবসম্পদকে দক্ষ ও কার্যকরভাবে ব্যবহারের প্রচার করা।
- উচ্চমানের পরিসংখ্যানিক গবেষণা ও নীতিবিশ্লেষণকে সহায়তা প্রদান করা।
- উত্তরদাতাদের তথ্যের গোপনীয়তা সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সংরক্ষণ করা।
- জ্ঞানসৃজন ও জাতীয় উন্নয়ন অগ্রযাত্রায় মাইক্রোডাটার নিরাপদ ও দায়িত্বশীল ব্যবহারের একটি ইতিবাচক সংস্কৃতি গড়ে তোলা।
- বিবিএস মাইক্রোডাটার ব্যবহারের সাথে সম্পর্কিত আন্তর্জাতিক স্বীকৃতি ও সহযোগিতা বৃদ্ধি করা।

- Facilitate high-quality statistical research and policy analysis.
- Protect the confidentiality of respondents' information.
- Build a culture of safe and responsible use of microdata for advancing knowledge and national development.
- Increase international recognition and collaboration related to the use of BBS microdata.



## ৩. এসওপি-এর মূল ক্ষেত্রসমূহ

এই স্ট্যান্ডার্ড অপারেটিং প্রোসিডিউর (SOP) মাইক্রোডেটা অ্যানালাইসিস ল্যাবে প্রবেশাধিকারপ্রাপ্ত সকল ব্যবহারকারীর (গবেষক, একাডেমিক ও নীতিনির্ধারক) ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য। এটি ল্যাবের ব্যবস্থাপনা, তত্ত্বাবধান ও রক্ষণাবেক্ষণে দায়িত্বরত বিবিএস কর্মকর্তাদের ক্ষেত্রেও প্রযোজ্য, এবং ল্যাবের সকল যন্ত্রপাতি ও ডেটা রিসোর্সের ওপরও সমভাবে প্রযোজ্য।

মূলত, এই এসওপি (SOP) প্রযোজ্য:

- ল্যাবে প্রবেশাধিকারপ্রাপ্ত সকল ব্যবহারকারী (গবেষক, একাডেমিক, নীতিনির্ধারক এবং সরকারি কর্মকর্তা)।
- ল্যাবের ব্যবস্থাপনা, তত্ত্বাবধান ও রক্ষণাবেক্ষণে নিয়োজিত বিবিএস-এর কর্মকর্তাবৃন্দ।
- ল্যাবের মধ্যে থাকা সকল সরঞ্জামাদি ও ডেটা রিসোর্স।

## ৪. ল্যাবের সুবিধাসমূহ

ল্যাবটি একটি সুরক্ষিত সার্ভার দ্বারা সজ্জিত, যা মাইক্রোডাটার কেন্দ্রীভূত সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ নিশ্চিত করে। গবেষকদের ব্যবহারের জন্য নির্ধারিত ওয়ার্কস্টেশন রয়েছে এবং অতিথি ব্যবহারকারী বা বিশেষ প্রকল্পের ক্ষেত্রে তত্ত্বাবধানে ল্যাপটপ ব্যবহারের ব্যবস্থা রাখা হয়। ল্যাবটি একটি সীমাবদ্ধ নেটওয়ার্কে পরিচালিত হয়,

## 3. Scope of the SOP

This Standard Operating Procedure (SOP) applies to all categories of users - researchers, academics, policymakers, and relevant government officials - who are granted access to the Microdata Analysis Lab. It also applies to BBS officials who manage, supervise, and maintain the Lab, as well as to all equipment and data resources hosted within the facility.

In particular, this SOP applies to:

- All users (researchers, academics, policymakers, government officials) granted access to the Lab.
- BBS officials assigned to manage, supervise, and maintain the Lab.
- All equipment and data resources hosted within the Lab.

## 4. Lab Facilities

The Lab is equipped with a secure server that provides centralized storage and processing of microdata. Workstations are available for researchers, and laptops may be used under supervision for visiting users

যেখানে সরাসরি ইন্টারনেট সংযোগ নেই এবং শুধুমাত্র সুরক্ষিত লোকাল এরিয়া নেটওয়ার্ক (LAN) ব্যবহৃত হয়।

বিশ্লেষণমূলক কাজের সুবিধার্থে Stata, R, SPSS, Python এবং SQL টুলসহ লাইসেন্সপ্রাপ্ত পরিসংখ্যানিক সফটওয়্যারসমূহ পূর্বেই ইনস্টল করা থাকে। প্রিন্টিং ও স্ক্যানিং সুবিধা দাপ্তরিক তত্ত্বাবধানে ব্যবহারযোগ্য, এবং যেকোনো আউটপুট প্রকাশ বা বহির্গমনের পূর্বে বাধ্যতামূলকভাবে ডিসক্লোজার পর্যালোচনার (disclosure review) আওতায় আনা হয়।

ব্যবহারকারীদের জন্য নিম্নোক্ত সুবিধাসমূহ প্রদান করা হয়ঃ

- সার্ভার: মাইক্রোডাটার কেন্দ্রীভূত ও সুরক্ষিত সংরক্ষণ এবং প্রক্রিয়াকরণ।
- ওয়ার্কস্টেশন ও ল্যাপটপ: গবেষক, অতিথি ব্যবহারকারী বা বিশেষ প্রকল্পের ক্ষেত্রে তত্ত্বাবধানে ব্যবহারযোগ্য কম্পিউটার সুবিধা।
- সীমাবদ্ধ নেটওয়ার্ক: সরাসরি ইন্টারনেট সংযোগবিহীন, সুরক্ষিত লোকাল এরিয়া নেটওয়ার্ক (LAN) সংযোগ।
- লাইসেন্সকৃত পরিসংখ্যানিক সফটওয়্যার: যেমন Stata, R, SPSS, Python এবং SQL টুল ইত্যাদি।
- প্রিন্টার/স্ক্যানার: বিবিএস-এর কর্মকর্তা/কর্মচারীদের তত্ত্বাবধানে ব্যবহারযোগ্য, এবং সব ধরনের আউটপুট ডিসক্লোজার পর্যালোচনার (disclosure review) আওতাভুক্ত।

## ৫. পরিচালন ব্যবস্থা এবং দায়িত্ব

or special projects. The Lab operates on a restricted network with no direct internet access and a secure local-area connection.

A suite of licensed statistical software, including Stata, R, SPSS, Python, and SQL tools, is pre-installed for analytical use. Printing and scanning facilities are available under official supervision, and outputs are subject to disclosure review prior to release.
The following facilities are provided to users:

- Server: Centralized, secure storage and processing of microdata.
- Workstations and laptops: Supervised use by researchers, visiting users, or special projects.
- Restricted network: No direct internet access; secure LAN connection.
- Licensed statistical software: For example, Stata, R, SPSS, Python, and SQL tools.
- Printer/Scanner: Used under the supervision of BBS officials; all output is subject to disclosure review.

## 5. Governance and Responsibility

ল্যাবের সার্বিক পরিচালনা ও তত্ত্বাবধানের দায়িত্ব কম্পিউটার উইং-এর পরিচালক পালন করেন। মনোনীত ল্যাব ইন-চার্জ দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করেন; তিনি ব্যবহারকারীদের সহায়তা প্রদান, ডেটা অ্যাক্সেস অনুমোদন এবং প্রযোজ্য নীতিমালা ও এসওপি অনুসরণের বিষয়টি নিয়মিতভাবে পর্যবেক্ষণ করেন। ল্যাব ইন-চার্জ হার্ডওয়্যার, সফটওয়্যার ও নিরাপত্তা নিয়ন্ত্রণব্যবস্থার রক্ষণাবেক্ষণও নিশ্চিত করেন। ব্যবহারকারীগণ—গবেষক, শিক্ষাবিদ ও নীতিনির্ধারক—নির্ধারিত ইউজার এগ্রিমেন্ট-এ স্বাক্ষর প্রদান করেন এবং প্রবেশাধিকার বজায় রাখার লক্ষ্যে এই এসওপি-এর সকল বিধান সম্পূর্ণভাবে মেনে চলেন।

ল্যাবের পরিচালন কাঠামো নিম্নরূপঃ

- পরিচালক, কম্পিউটার উইং: ল্যাবের সার্বিক দায়িত্বপ্রাপ্ত ও ইন-চার্জ।
- ল্যাব ইন-চার্জ (মনোনীত কর্মকর্তা): ল্যাবের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা, ব্যবহারকারী সহায়তা প্রদান, ডেটা অ্যাক্সেস অনুমোদন, নীতিমালা ও এসওপি অনুসরণের তদারকি এবং হার্ডওয়্যার, সফটওয়্যার ও নিরাপত্তা ব্যবস্থাপনা রক্ষণাবেক্ষণ।
- ব্যবহারকারী (Users): গবেষক, শিক্ষাবিদ ও নীতিনির্ধারক, যারা ইউজার এগ্রিমেন্টে স্বাক্ষর প্রদান করে এই এসওপি-এর সকল বিধান মেনে চলেন।

The governance of the Lab is overseen by the Director of the Computer Wing, who holds overall responsibility. Day-to-day operations are managed by the designated Lab In-charge, who provides user support, authorizes data access, and monitors compliance. The Lab In-charge also maintains hardware, software, and security controls. Users - researchers, academics, and policymakers - sign the User Agreement and comply fully with the SOP in order to retain their access privileges.

The governance of the Lab is structured as follows:

- Director, Computer Wing: Overall in-charge of the Lab.
- Lab In-charge (Designated Officer): Manages day-to-day operations, user support, data-access authorization, and compliance monitoring; maintains hardware, software, and security controls.
- Users: Researchers, academics, and policymakers who sign the User Agreement and abide by the SOP.

## ৬. ল্যাবে প্রবেশাধিকার নীতি

## 6. Lab Access Policy

সর্বাধিক বিস্তারিত মাইক্রোডাটায় প্রবেশাধিকার কেবলমাত্র মাইক্রোডাটা বিশ্লেষণ ল্যাবের নিয়ন্ত্রিত পরিবেশের মধ্যেই প্রদান করা হয়, যা কঠোর প্রবেশ-নিয়ন্ত্রণসহ একটি নিরাপদ ভৌত অবকাঠামো হিসেবে পরিচালিত হয়। কোনো অবস্থাতেই দূরবর্তী (remote) প্রবেশাধিকার অনুমোদিত নয়।

যোগ্যতা শুধুমাত্র সেই গবেষক, শিক্ষাবিদ ও নীতিনির্ধারকদের মধ্যে সীমাবদ্ধ, যারা নির্ধারিত প্রক্রিয়ায়

Access to the most detailed microdata is granted exclusively within the controlled environment of the Microdata Analysis Lab, which operates as a secure physical facility with stringent access restrictions. No remote access is permitted under any circumstances.

গবেষণা প্রস্তাব জমা দেন এবং অনুমোদন প্রাপ্ত হন। আবেদন প্রক্রিয়ায় একটি বিস্তারিত গবেষণা প্রস্তাবনা, প্রাতিষ্ঠানিক অনুমোদন/সমর্থনপত্র এবং স্বাক্ষরিত নন-ডিসক্লোজার এগ্রিমেন্ট (Non-Disclosure Agreement–NDA) জমা দেওয়া আবশ্যক। উক্ত আবেদনসমূহ বিবিএস-এর ডেটা অ্যাক্সেস ব্যবস্থার (যেমন ডেটা অ্যাক্সেস কমিটি এবং/অথবা মহাপরিচালক, বিবিএস কর্তৃক অনুমোদিত পদ্ধতি অনুযায়ী) মাধ্যমে পর্যালোচনা ও অনুমোদিত হয়।

একবার অনুমোদন প্রদান করা হলে ব্যবহারকারীগণ শুধুমাত্র অনসাইট মোডে ল্যাব ব্যবহার করার প্রবেশাধিকার লাভ করেন; কোনো অবস্থাতেই মূল মাইক্রোডাটা ল্যাবের বাইরে নেওয়া বা অপসারণের অনুমতি থাকে না। গবেষণা কার্যক্রম থেকে উৎপন্ন আউটপুটসমূহ ল্যাব সার্ভারের নির্ধারিত ফোল্ডারে সংরক্ষণ করা হয় এবং গোপনীয়তা পর্যালোচনা (confidentiality review) সম্পন্ন হওয়ার পরই সেগুলো প্রকাশ বা গবেষকের নিকট হস্তান্তর করা হয়।

মৌলিক প্রবেশাধিকার নীতিমালা নিম্নরূপঃ

- প্রবেশাধিকার ক্ষেত্র (Scope of access): সর্বাধিক বিস্তারিত মাইক্রোডাটায় প্রবেশাধিকার কেবলমাত্র মাইক্রোডাটা বিশ্লেষণ ল্যাবের নিয়ন্ত্রিত পরিবেশে প্রদান করা হয়, যা কঠোর প্রবেশ-নিয়ন্ত্রণসহ একটি নিরাপদ ভৌত সুবিধা হিসেবে পরিচালিত হয়। কোনো অবস্থাতেই দূরবর্তী (remote) প্রবেশাধিকার বিবেচনা করা হয় না।
- যোগ্যতা (Eligibility): কেবলমাত্র অনুমোদিত গবেষণা প্রস্তাবসহ গবেষক, শিক্ষাবিদ এবং নীতিনির্ধারকগণ ল্যাবে প্রবেশাধিকার লাভ করতে পারবেন।
- আবেদন প্রক্রিয়া (Application process): আবেদনকারীগণ নির্ধারিত পদ্ধতিতে গবেষণা প্রস্তাবনা জমা দেবেন, প্রাতিষ্ঠানিক অনুমোদন/সমর্থনপত্র প্রদান করবেন এবং নন-ডিসক্লোজার এগ্রিমেন্ট (NDA)-এ স্বাক্ষর করবেন।
- অনুমোদন (Approval): বিবিএস কর্তৃক নির্ধারিত অনুমোদনকারী কর্তৃপক্ষ (যেমন

Eligibility is limited to researchers, academics, and policymakers who submit and receive approval for a research proposal. The application process requires submission of a detailed research proposal, institutional endorsement, and a signed Non-Disclosure Agreement (NDA). Applications are reviewed and approved through the BBS data-access mechanism (e.g. Data Access Committee and/or Director General, as per BBS procedures).



Once approved, users receive on-site access only, with no permission to remove raw microdata from the Lab. Research outputs are saved in designated folders on the Lab server and are released only after a confidentiality review.

The basic access policy is as follows:

- Scope of access: Access to the most detailed microdata is provided only within the controlled environment of the Microdata Analysis Lab, a secure physical facility with stringent access restrictions. No remote access is considered.
- Eligibility: Only researchers, academics, and policymakers with approved proposals may access the Lab.
- Application process: Applicants submit a research proposal, provide institutional endorsement, and sign the NDA.
- Approval: Access is granted through the designated BBS authority (e.g. the Director General or an authorized committee).

মহাপরিচালক, বিবিএস অথবা অনুমোদিত কমিটি) এর মাধ্যমে প্রবেশাধিকার অনুমোদন প্রদান করা হয়।

- প্রবেশাধিকার পদ্ধতি (Access modality): ব্যবহারকারীগণ শুধুমাত্র অনসাইট ভিত্তিতে ল্যাবে কাজ করবেন; কোনো অবস্থাতেই কাঁচা মাইক্রোডাটা (raw microdata) ল্যাবের বাইরে নেওয়া বা অপসারণ করা যাবে না।

- Access modality: Users work on-site only; no raw microdata are removed from the Lab.



## ৭. ল্যাব ব্যবহারের নিয়মাবলি

ল্যাবে প্রবেশাধিকার কেবল পূর্বনির্ধারিত অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে প্রদান করা হয় এবং ল্যাব রবিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত প্রতিদিন সকাল ৯:৩০টা হতে বিকেল ৪:৩০টা পর্যন্ত খোলা থাকে (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)। ইউএসবি ড্রাইভ, পোর্টেবল হার্ডডিস্ক ইত্যাদি কোনো ধরনের বাহ্যিক স্টোরেজ ডিভাইস ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ, এবং ল্যাবের কম্পিউটারগুলোতে ইন্টারনেট বা ই-মেইল অ্যাক্সেস সক্রিয় থাকে না।

ব্যবহারকারীগণ নিজেদের জন্য বরাদ্দ সার্ভার ডিরেক্টরিতে সকল কাজ সংরক্ষণ করবেন, কেবল বরাদ্দকৃত ওয়ার্কস্টেশনেই কাজ করবেন এবং সর্বদা পেশাদার ও শৃঙ্খলাবদ্ধ আচরণ বজায় রাখবেন। প্রিন্ট বা রপ্তানি করার পূর্বে সব ধরনের আউটপুট বাধ্যতামূলকভাবে গোপনীয়তা যাচাই (confidentiality check)-এর আওতায় আনা হবে।

ডেটা ব্যবস্থাপনার ক্ষেত্রে মাইক্রোডাটা পূর্বেই ল্যাবের সুরক্ষিত সার্ভারে লোড করে রাখা হয় এবং গবেষকগণ কেবল অনুমোদিত পরিসংখ্যানিক সফটওয়্যার, যেমন Stata, SPSS, R এবং Python ব্যবহার করে বিশ্লেষণ পরিচালনা করবেন। কোনো অবস্থাতেই মাইক্রোডাটা (raw data) কোনো রূপে কপি, স্থানান্তর বা বহির্গমন করা যাবে না।

আউটপুট ও প্রিন্টিংয়ের ক্ষেত্রে গবেষকগণ নির্ধারিত প্রিন্ট রিকোয়েস্ট ফরম পূরণ করে বিশ্লেষণমূলক ফলাফল প্রিন্টের আগে ল্যাব ইন-চার্জের নিকট পর্যালোচনার জন্য জমা দেবেন। কেবল ট্যাবুলার ফলাফল, গ্রাফ এবং সিনট্যাক্স ফাইল প্রিন্ট করা বা অনুমোদিত পদ্ধতিতে স্থানান্তর করা যাবে; কোনো ডেটা বা রেকর্ড-স্তরের তথ্য প্রিন্ট বা স্থানান্তর করা সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

## 7. Rules of Lab Usage

Access to the Lab is by appointment only, and the Lab operates from Sunday to Thursday, 9:30 AM to 4:30 PM, excluding public holidays and weekends. External storage devices such as USB drives or portable hard disks are prohibited, and Lab computers have no internet or email access.

Users save all work in their allocated directories on the server, work only on their assigned workstations, and maintain professional conduct at all times. All outputs are subject to confidentiality checks prior to printing or export.

For data handling, microdata are pre-loaded on the secure Lab server, and researchers use only authorized statistical software, such as Stata, SPSS, R, and Python. Copying or transferring raw data in any form is not permitted.

For outputs and printing, researchers complete a Print Request Form and submit analytical results for review by the Lab In-charge before printing. Only tabular results, graphs, and syntax files may be printed; no raw data or record-level information may be printed or exported.

ল্যাব ব্যবহারের নীতিমালা নিম্নোক্ত তিনটি প্রধান ক্ষেত্রে বিভক্ত:

**৭.১ সাধারণ**

- ল্যাবে প্রবেশাধিকার কেবল পূর্বনির্ধারিত অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে প্রদান করা হয়।
- ল্যাবের কার্যক্রমের সময়সূচি: রবিবার হতে বৃহস্পতিবার, প্রতিদিন সকাল ৯:৩০টা থেকে বিকেল ৪:৩০টা পর্যন্ত (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)।
- ইউএসবি ড্রাইভ, হার্ডডিস্কসহ কোনো ধরনের বাহ্যিক স্টোরেজ ডিভাইস ব্যবহার করা যাবে না।
- ল্যাবের কম্পিউটারসমূহে ইন্টারনেট ও ই-মেইল অ্যাক্সেস নিষ্ক্রিয় রাখা হয়।
- ফাইলসমূহ শুধুমাত্র সার্ভারের ব্যবহারকারীভিত্তিক নির্ধারিত ডিরেক্টরিতে সংরক্ষণ করতে হবে।
- কোনো আউটপুট রপ্তানি বা প্রিন্ট করার পূর্বে বাধ্যতামূলকভাবে গোপনীয়তা যাচাই (confidentiality check) সম্পন্ন করা হবে।
- গবেষণা ও বিশ্লেষণমূলক সকল কার্যক্রম কেবল বরাদ্দকৃত ওয়ার্কস্টেশনেই সম্পাদন করতে হবে।
- সব সময় পেশাদার ও শৃঙ্খলাবদ্ধ আচরণ বজায় রাখা আবশ্যক।

**৭.২ ডেটা ব্যবহার**

- মাইক্রোডাটা পূর্বেই ল্যাবের সুরক্ষিত সার্ভারে লোড করে রাখা হয়।
- গবেষকগণ কেবল অনুমোদিত পরিসংখ্যানিক সফটওয়্যার, যেমন Stata, SPSS, R এবং Python ব্যবহার করবেন।
- কোনো অবস্থাতেই মাইক্রোডাটা কপি বা স্থানান্তর করা যাবে না।

**৭.৩ আউটপুট ও প্রিন্ট**

- সমস্ত বিশ্লেষণমূলক আউটপুট প্রিন্ট বা প্রকাশের পূর্বে ল্যাব ইন-চার্জ কর্তৃক পর্যালোচনা করা হয়।

The rules of Lab usage are divided into the following three main areas:

**7.1 General**

- Access is by appointment only.
- The Lab operates from Sunday to Thursday, 9:30 AM to 4:30 PM (excluding public holidays and weekends).
- External storage devices such as USB drives and hard disks are not allowed.
- Internet and email access are disabled on Lab computers.
- Files are saved only in the allocated user directories on the server.
- All outputs are subject to a confidentiality check before they are exported or printed.
- Work is conducted only at the assigned workstations.
- Professional conduct is maintained at all times.

**7.2 Data Handling**

- Microdata are pre-loaded on the secure Lab server.
- Researchers use only authorized statistical software such as Stata, SPSS, R, and Python.
- Copying or transferring raw data is not permitted under any circumstances.

**7.3 Output and Printing**

- All analytical outputs are reviewed by the Lab In-charge before printing or release.

- কেবল ট্যাবুলার ফলাফল, গ্রাফ এবং সিনট্যাক্স ফাইল প্রিন্ট বা রপ্তানি করার অনুমতি দেওয়া হয়।
- কাঁচা ডেটা (raw data) বা রেকর্ড-স্তরের কোনো তথ্য প্রিন্ট বা রপ্তানি করা যাবে না।

- Only tabular results, graphs, and syntax files are allowed to be printed or exported.
- Raw data or record-level information may not be printed or exported.

## ৮. নিরাপত্তা ও গোপনীয়তার প্রোটোকলসমূহ

ল্যাব কঠোর নিরাপত্তা ও গোপনীয়তা সংক্রান্ত প্রোটোকল অনুসরণ করে পরিচালিত হয়। সার্ভারে প্রবেশাধিকার কেবল ল্যাব ইন-চার্জ এবং যথাযথভাবে মনোনীত অনুমোদিত কারিগরি কর্মীদের জন্য সীমাবদ্ধ থাকে। পূর্বানুমোদন (prior clearance) ব্যতীত কোনো ফলাফল কপি বা প্রিন্ট করা যাবে না।

ল্যাব পরিসংখ্যান আইন, ২০১৩; বিবিএস ডেটা ডিসেমিনেশন পলিসি; সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধি-বিধান এবং ডেটা সুরক্ষা ও পরিসংখ্যানিক গোপনীয়তা সংক্রান্ত আন্তর্জাতিক উত্তম চর্চা সম্পূর্ণভাবে মেনে পরিচালিত হয়। বিশেষভাবে উল্লেখ্যঃ

- পূর্বানুমোদন (prior clearance) ব্যতীত কোনো ফলাফল কপি বা প্রিন্ট করা হয় না।
- দৈনন্দিন ভিত্তিতে সিস্টেমের ব্যাকআপ গ্রহণ করা হয় এবং তা একটি সুরক্ষিত রেপোজিটরিতে সংরক্ষণ করা হয়।
- কর্মকর্তা/কর্মচারী এবং ব্যবহারকারীগণ পরিসংখ্যান আইন, ২০১৩; বিবিএস ডেটা ডিসেমিনেশন পলিসি; অন্যান্য প্রাসঙ্গিক আইন ও বিধি-বিধান এবং প্রযোজ্য আন্তর্জাতিক উত্তম চর্চা কঠোরভাবে অনুসরণ করেন।

## 8. Security and Confidentiality Protocols

The Lab maintains strict security and confidentiality protocols. Access to the server is restricted to the Lab In-charge and other authorized technical staff, as designated. Copying and printing of results are not permitted without prior clearance. The Lab operates in full compliance with the Statistics Act 2013, the BBS Data Dissemination Policy, other laws and regulations issued by the Government from time to time, and international best practices in data protection and statistical confidentiality. In particular:

- No copying or printing takes place without prior clearance.
- Daily system backups are maintained in a secure repository.
- Staff and users comply strictly with the Statistics Act 2013, the BBS Data Dissemination Policy, other relevant laws and regulations, and applicable international best practices.

## ৯. অপারেশনাল কর্মপ্রবাহ

ল্যাবের অপারেশনাল কর্মপ্রবাহ শুরু হয় যখন কোনো আবেদন ল্যাব ইন-চার্জের নিকট গৃহীত ও নিবন্ধিত হয়। নিবন্ধনের পর আবেদনটি পর্যালোচনা ও অনুমোদন প্রক্রিয়ার মধ্য দিয়ে অগ্রসর হয়, যেখানে নির্ধারিত ডেটা অ্যাক্সেস ব্যবস্থা (যেমন ডেটা অ্যাক্সেস কমিটি)

## 9. Operational Workflow

The operational workflow of the Lab begins when an application is received and registered by the Lab In-charge. After registration, the application goes through a review and approval process, where the

প্রবেশাধিকার প্রদান করা হবে কি না সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে।

অনুমোদন প্রদান করা হলে ব্যবহারকারীকে একটি অনবোর্ডিং প্রক্রিয়া সম্পন্ন করতে হয়, যার মধ্যে নন-ডিসক্লোজার এগ্রিমেন্ট (Non-Disclosure Agreement–NDA)-এ স্বাক্ষর প্রদান এবং প্রয়োজনে ওরিয়েন্টেশন সেশনে অংশগ্রহণ অন্তর্ভুক্ত থাকে। অনবোর্ডিং সম্পন্ন হওয়ার পর ব্যবহারকারীর জন্য কর্মক্ষেত্র (workspace) বরাদ্দ করা হয় এবং সংশ্লিষ্ট গবেষকের নিকট নির্ধারিত ওয়ার্কস্টেশন ব্যবহারের জন্য প্রবেশাধিকার তথ্য (credentials) প্রদান করা হয়।

পরবর্তী পর্যায়ে গবেষণাকর্ম ল্যাবের সব প্রযোজ্য নিয়মাবলি ও নির্দেশিকা কঠোরভাবে অনুসরণপূর্বক পরিচালিত হয়। গবেষণা কাজ সমাপ্তির পর উৎপন্ন আউটপুটসমূহ ডিসক্লোজার কমিটি বা মনোনীত পর্যালোচকগণ পর্যালোচনা করেন এবং গোপনীয়তা ভঙ্গের কোনো ঝুঁকি আছে কি না তা যাচাই করেন। পর্যালোচনায় সন্তোষজনক ফলাফল প্রাপ্ত হলে অনুমোদিত আউটপুট সংশ্লিষ্ট গবেষকের নিকট হস্তান্তর করা হয়।

সংক্ষেপে, ল্যাবের কর্মপ্রবাহের ধাপসমূহ নিম্নরূপঃ

১) আবেদন গ্রহণ → ল্যাব ইন-চার্জ কর্তৃক আবেদন গৃহীত ও নিবন্ধিত হয়।
২) পর্যালোচনা ও অনুমোদন → ডেটা অ্যাক্সেস সংক্রান্ত সিদ্ধান্ত গৃহীত হয়।
৩) ব্যবহারকারী অনবোর্ডিং → নন-ডিসক্লোজার এগ্রিমেন্ট (NDA)-এ স্বাক্ষর এবং প্রয়োজনবোধে ওরিয়েন্টেশন সম্পন্ন হয়।
৪) কর্মক্ষেত্র বরাদ্দ → সংশ্লিষ্ট গবেষকের জন্য ওয়ার্কস্টেশন ও লগইন ক্রেডেনশিয়াল বরাদ্দ করা হয়।
৫) গবেষণা কার্যক্রম → ল্যাবের নিয়মাবলি ও এসওপি অনুযায়ী গবেষণা ও বিশ্লেষণ পরিচালিত হয়।
৬) আউটপুট পর্যালোচনা → ডিসক্লোজার রিভিউ কমিটি/মনোনীত পর্যালোচকগণ গোপনীয়তা ভঙ্গের ঝুঁকি পরীক্ষা করেন।

designated data-access mechanism (e.g. Data Access Committee) decides whether to grant access.

Once approved, the user completes an onboarding process that includes signing a Non-Disclosure Agreement (NDA) and attending an orientation as required. Following onboarding, workspace allocation takes place, and workstation credentials are assigned to the researcher.

The research work is then conducted strictly under the Lab rules and guidelines. After the research is completed, the outputs are reviewed by the Disclosure Committee or designated reviewers, who check for any risk of confidentiality breaches. When the outputs pass the review, the approved results are released to the researcher.

In summary, the workflow follows these steps:

1) Application received → Registered by the Lab In-charge.
2) Review and approval → Data-access decision is made.
3) User onboarding → NDA signing and, where needed, orientation.
4) Workspace allocation → Workstation credentials are assigned to the researcher.
5) Research work → Conducted under Lab rules and SOP.
6) Output review → Disclosure review checks for confidentiality breaches.
7) Output release → Approved results are delivered to the researcher.

৭) আউটপুট হস্তান্তর ⟶ অনুমোদিত ফলাফল সংশ্লিষ্ট গবেষকের নিকট হস্তান্তর করা হয়।

## ১০. ল্যাব কর্মকর্তা

ল্যাব ইনচার্জ ব্যবহারকারীদের সময়সূচি পরিচালনা, অ্যাক্সেস অনুরোধ অনুমোদন, ওরিয়েন্টেশন সেশন পরিচালনা এবং স্ট্যান্ডার্ড অপারেটিং প্রোসিডিউর (SOP) কঠোরভাবে বাস্তবায়নের দায়িত্বে থাকেন। আইটি অফিসার সিস্টেমের আপটাইম নিশ্চিত করেন, প্রয়োজনীয় সফটওয়্যার রক্ষণাবেক্ষণ করেন, এবং সম্ভাব্য নিরাপত্তা লঙ্ঘন শনাক্তে সিস্টেমগুলো নিয়মিতভাবে পর্যবেক্ষণ করেন।

ল্যাবের সহায়ক কর্মীরা (Support Staff) দৈনন্দিন অপারেশনাল কার্যক্রমে সহায়তা প্রদান করেন, প্রয়োজনে ব্যবহারকারীদের প্রয়োজনীয় সহায়তা করেন এবং ল্যাবের অভ্যন্তরে পরিচালিত কার্যক্রম তদারকির মাধ্যমে ল্যাবের নির্বিঘ্ন পরিচালনা নিশ্চিত করেন।

সংক্ষেপে –

- ল্যাব ইন-চার্জ: ব্যবহারকারীদের সময়সূচি ব্যবস্থাপনা, প্রবেশাধিকার অনুমোদন, ওরিয়েন্টেশন সেশন পরিচালনা, এসওপি বাস্তবায়ন, সিস্টেমের নিরবচ্ছিন্ন কার্যক্রম (system uptime) নিশ্চিত করা, সফটওয়্যার রক্ষণাবেক্ষণ এবং সম্ভাব্য নিরাপত্তা লঙ্ঘন শনাক্তকরণের লক্ষ্যে সিস্টেম পর্যবেক্ষণ।
- সহায়ক কর্মী (Support Staff): দৈনন্দিন অপারেশনাল সহায়তা প্রদান, ব্যবহারকারীদের প্রয়োজন অনুযায়ী সহায়তা প্রদান এবং ল্যাবের অভ্যন্তরে পরিচালিত কার্যক্রম তদারকির মাধ্যমে সুষ্ঠু পরিচালনা নিশ্চিত করা।

## 10. Lab Officials

The Lab In-charge manages the user schedule, approves access requests, conducts orientation sessions, and enforces the Standard Operating Procedures (SOP). The Lab In-charge also ensures system uptime, maintains the necessary software, and monitors the systems for any potential security breaches, often in collaboration with IT staff.

Support staff provide day-to-day operational support, assist users as needed, and supervise activities within the Lab to ensure smooth operations.

In summary:

- Lab In-charge: Manages user schedules; approves access; conducts orientation; enforces the SOP; ensures system uptime; maintains software; monitors for potential security breaches.
- Support Staff: Provide operational support; assist users; supervise activities within the Lab.

## ১১. পর্যবেক্ষণ ও সম্মতি

গবেষকগণ গোপনীয়তা লঙ্ঘনের কোনো সন্দেহজনক বা বাস্তব ঘটনা ঘটলে তা অবিলম্বে প্রতিবেদন করবেন। সকল ব্যবহারকারী তাঁদের প্রবেশাধিকার চুক্তি ও নিরাপত্তা প্রোটোকল যথাযথভাবে মেনে চলছেন কি না, তা যাচাই করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রয়োজনে কমপ্লায়েন্স অডিট পরিচালনার অধিকার সংরক্ষণ করে। প্রকল্প সমাপ্তির পর গবেষকগণ তাদের দ্বারা সংরক্ষিত সকল ডেরিভেটিভ (উৎপন্ন) ফাইলের কপি স্থায়ীভাবে মুছে ফেলবেন।

জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে ব্যবহারকারীদের প্রবেশ ও প্রস্থান সময়, সিস্টেম ব্যবহার এবং কোন কোন ফাইল অ্যাক্সেস করা হয়েছে, সে সংক্রান্ত লগ প্রতিদিন সংরক্ষণ করা হয়। বিধি-বিধান প্রতিপালন নিশ্চিতে ব্যবহারকারী ফোল্ডারের র‍্যান্ডম অডিট পরিচালিত হয়। গোপনীয়তা লঙ্ঘন বা প্রোটোকল ভঙ্গের কোনো ঘটনা প্রমাণিত হলে, সংশ্লিষ্ট ব্যবহারকারীর প্রবেশাধিকার সাময়িকভাবে স্থগিত অথবা স্থায়ীভাবে বাতিল করা যেতে পারে, যা যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্তের ভিত্তিতে নির্ধারিত হবে।

উপরন্তু, ল্যাবের কার্যক্রম সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা প্রতিবেদন কম্পিউটার উইং-এর পরিচালক কর্তৃক প্রস্তুত করা হয় এবং তদারকি ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) মহাপরিচালক (ডিজি)-এর নিকট উপস্থাপন করা হয়।

- মূল কমপ্লায়েন্স পয়েন্টসমূহ হলঃ
- গবেষকগণ গোপনীয়তা লঙ্ঘনের কোনো সন্দেহজনক বা বাস্তব ঘটনা ঘটলে তা বিলম্ব না করে অবিলম্বে রিপোর্ট করবেন।
- বিবিএস প্রবেশাধিকার সংক্রান্ত চুক্তি এবং নিরাপত্তা প্রোটোকল যথাযথভাবে মেনে চলা হচ্ছে কি না, তা যাচাইয়ের জন্য কমপ্লায়েন্স অডিট পরিচালনা করবে।
- প্রকল্প সমাপ্তির পর গবেষকগণ সকল ডেরিভেটিভ (উৎপন্ন) ফাইল স্থায়ীভাবে মুছে ফেলবেন।

## 11. Monitoring and Compliance

Researchers immediately report any suspected or actual breach of confidentiality. BBS reserves the right to conduct compliance audits to verify that all users adhere to their access agreements and security protocols. Upon completion of their projects, researchers permanently delete all copies of derivative files.

To maintain accountability, user logs covering entry and exit times, system usage, and files accessed are recorded daily. Random audits of user folders are conducted to ensure compliance with the rules. Any breach of confidentiality or violation of protocols results in termination or suspension of access, which may be temporary or permanent, as decided by the competent authority.

In addition, a quarterly review report of Lab operations is prepared by the Director, Computer Wing, and submitted to the Director General (DG) of BBS for oversight and accountability. Key compliance points are:

- Researchers report any suspected or actual confidentiality breach without delay.
- BBS conducts compliance audits to verify adherence to access agreements and security protocols.
- At the end of the project, derivative files are permanently deleted by the researcher.

- ব্যবহারকারীদের প্রবেশ ও প্রস্থান সময়, সিস্টেম ব্যবহার এবং অ্যাক্সেসকৃত ফাইল সংক্রান্ত ব্যবহারকারী লগ দৈনিক ভিত্তিতে সংরক্ষণ করা হবে।
- বিধি-বিধান প্রতিপালন নিশ্চিত করার লক্ষ্যে ব্যবহারকারী ফোল্ডারের র‍্যান্ডম অডিট পরিচালিত হবে।
- যেকোনো গোপনীয়তা লঙ্ঘন বা প্রোটোকল ভঙ্গ প্রমাণিত হলে, যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী নির্দিষ্ট সময়ের জন্য অথবা স্থায়ীভাবে প্রবেশাধিকার বাতিল করা যেতে পারে।

বিবিএস প্রধান কার্যালয়ে মাইক্রোডাটা বিশ্লেষণ ল্যাব প্রতিষ্ঠা বাংলাদেশে জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার আধুনিকায়ন, সুনাম এবং কার্যকারিতার ওপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে। এর মাধ্যমে বিবিএস কেবল একটি ডেটা উৎপাদনকারী সংস্থা থেকে ক্রমান্বয়ে ডেটা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে রূপান্তরিত হয়, যেখানে ডেটায় প্রবেশাধিকার ও গোপনীয়তা সুরক্ষার মধ্যে একটি সুষম ভারসাম্য রক্ষা করা হয়। পরিণতিতে, এ ল্যাবের কার্যকর পরিচালনা বিবিএস-এর বিশ্বাসযোগ্যতা, নীতিনির্ধারণ প্রক্রিয়ায় প্রভাব বিস্তার এবং একটি আধুনিক জাতীয় পরিসংখ্যান সংস্থা (National Statistical Office) হিসেবে বৈশ্বিক অঙ্গনে এর মর্যাদা আরও সুদৃঢ় করবে।

- User logs (entry/exit, system use, files accessed) are maintained daily.
- Random audits of user folders are carried out to ensure compliance.
- Proven breaches may result in termination of access for a specified period or for life, as determined by the authority.



The establishment of the Microdata Analysis Lab at BBS Headquarters has significant implications for the modernization, reputation, and operational efficiency of the national statistical system. It transforms the Bureau from a data producer into a data service institution, balancing access with confidentiality. Ultimately, it will enhance BBS's credibility, policy influence, and global standing as a modern National Statistical Office.

# 12. Annexes

Annex I: Data Access Request Form

Annex II: Confidentiality and NDA

Annex III: Research Output Release Checklist

Annex IV: User Code of Conduct

Annex V: Hardware and Software Inventory

## *Annex I: Data Access Request Form*

Template form including applicant info, research proposal details, institutional endorsement, and declaration.

**Microdata Analysis Lab – Data Access Request Form**

1. **Applicant Information**
    - Name: ________________________________________
    - Designation: __________________________________
    - Institution/Organization: _____________________
    - National ID/Passport/Birth Registration No. ______
    - Address: _____________________________________
    - Email: _______________________________________
    - Phone: _______________________________________
2. **Research Proposal Details**
    - Title of Research: _____________________________
    - Objectives: ___________________________________
    - Duration (Start–End): _________________________
    - Data requested (specify survey/census, year, variables if possible):
    - Methodology summary: _________________________
    - Additional information (if any) : _________________________
3. **Institutional Endorsement**
   (Attach endorsement letter from Head of Institution/Department/Agency)
4. **Declaration by Applicant**
   I hereby declare that I will use the requested data solely for the stated research purpose, will comply with BBS confidentiality requirements, and will not attempt to re- identify individuals or households.

Signature of Applicant: ___________________________
Date: ___________________________

## *Annex II: Confidentiality and Non- Disclosure Agreement (NDA)*

This Agreement is made between **Bangladesh Bureau of Statistics (BBS)** and the undersigned user ("the Researcher").

**Conditions**

1. Researcher shall access microdata only within the Microdata Analysis Lab.
2. Researcher shall not copy, download, or remove microdata outside the Lab.
3. Researcher shall not attempt to identify or contact any respondent.
4. Researcher shall save work only in designated folders.
5. All outputs must undergo disclosure review before release.
6. Violation of this agreement may lead to termination of access, cancellation of research approval, and legal action under the Statistics Act.

**Acknowledgement**

I have read and understood the above conditions and agree to abide by them.

- Name of Researcher: ____________________________
- Institution: ___________________________________
- Signature: ___________________________________
- Date: ________________________________________

**For BBS Use Only**

Approved by: ____________________________ (Lab In-charge)
Signature: ____________________________
Date: ____________________________

## *Annex III: Research Output Release Checklist*

Checklist table for disclosure review of research outputs before release.

| **Item** | **Yes/No** |
|---|---|
| 1. Output reviewed for confidential information (no direct identifiers). | |
| 2. Small cell counts checked (no release if <5 observations per cell). | |
| 3. No attempt at re- identification possible from tables/graphs. | |
| 4. All outputs comply with approved research objectives. | |
| 5. Researcher signed off on compliance. | |
| 6. Disclosure Review Committee approval obtained. | |

**Decision:**

☐ Approved for release

☐ Revisions required

☐ Rejected

Reviewer Name: ________________________________

Signature: _______________________ Date: ______

## *Annex IV: User Code of Conduct*



Rules of conduct for researchers using the Lab, with acknowledgement section.

1. Use BBS microdata only for approved research purposes.
2. Follow all Lab security rules (no USBs, external drives, or personal laptops).
3. Do not access unauthorized files, software, or websites.
4. Maintain professionalism and respect for staff and other users.
5. Save work only in assigned folders on the server.
6. Ensure outputs are submitted for disclosure review.
7. Follow Lab working hours and schedule (as allocated by Lab In-charge).
8. Report any technical issues to Lab staff immediately.
9. No food, drink, or smoking inside the Lab.

**Acknowledgement**

I, the undersigned, acknowledge that I have read and understood this Code of Conduct and agree to comply.

Name: ________________________

Signature: ____________________

Date: ________________________

## *Annex V: Hardware and Software Inventory*

Detailed hardware and software inventory of the Lab, with specifications and responsibilities.



**A. Hardware Inventory**

| Item | Qty | Specification | Location | Responsible Official |
|---|---|---|---|---|
| Server | 1 | High- performance, RAID storage, backup system | Server Rack | Lab In-charge |
| Workstations (Desktop PCs) | 6 | Core i9, 16GB RAM, 1TB HDD, 24" monitor | User desks | Lab In-charge |
| Laptops | 2 | Core i7, 16GB RAM, SSD | Secure cabinet | Lab In-charge |
| Printer | 1 | Multifunction (B/W only) | Staff desk | Lab In-charge |
| Scanner | 1 | Multifunction | Staff desk | Lab In-charge |
| LAN Switch | 1 | 24- port, managed | Server Rack | Lab In-charge |
| Access Control System (Digital Card) | 50 | | | Lab In-charge |
| Surveillance System (2 CCTV) | 2 | | | Lab In-charge |
| Furniture (Table, Chair, Sofa and Others) | 6 set | | | Lab In-charge |
| Power Backup UPS | 6 | | | Lab In-charge |

**B. Software Inventory**

| Software | Version | License Type | Installed On | Responsible Staff |
|---|---|---|---|---|
| Stata | MP | Subscription | All Workstations | Lab In-charge |
| SPSS | 28 | Subscription | Workstations | Lab In-charge |
| R | Latest | Open- source | Workstations | Lab In-charge |
| Python (Anaconda) | Latest | Open- source | Workstations | Lab In-charge |
| MS Office | 2021 Pro Plus | Perpetual | Workstations | Lab In-charge |
| Antivirus | Enterprise edition | Subscription | Workstations | Lab In-charge |

# Standard Operating Procedure (SOP) of Microdata Analysis Lab

**This Standard Operating Procedure (SOP) has been developed to guide the operation and governance of the Microdata Analysis Lab of BBS. It sets out the objectives, scope, governance structure, access policy, user responsibilities, confidentiality protocols, and operational workflow to ensure that microdata access is both useful and secure. The SOP also includes practical annexes such as application forms, confidentiality agreements, disclosure checklists, and equipment inventories, and a user guide enabling smooth day-to-day operations.**